# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আল্লাহর আদেশ পালন এবং নিষেধ থেকে বিরত থাকার সময় মহান আল্লাহর প্রতি আস্থা রাখা জরুরী

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الثِّقَةِ بِاللَّهِ فِي أَحْوَالِهِ عِنْدَ قِيَامِهِ بِإِتْيَانِ الْمَأْمُورَاتِ وانْزِعَاجِهِ عَنْ جَمِيعِ الْمَزْجُورَاتِ

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعِجْلِيُّ قَالَ: حَدَّثَنَا خَالِدُ بْنُ مخلدٍ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ بِلَالٍ قَالَ: حَدَّثَنِي شَرِيكُ بْنُ أَبِي نَمِرٍ عَنْ عَطَاءٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا يَقُولُ: مَنْ عَادَى لِي وَلِيًّا فَقَدْ آذَانِي وَمَا تقرَّب إِلَيَّ عَبْدِي بِشَيْءٍ أحبَّ إِلَيَّ مِمَّا افْتَرَضْتُ عَلَيْهِ وَمَا يَزَالُ يَتَقَرَّبُ إِلَيَّ بِالنَّوَافِلِ حَتَّى أُحِبَّهُ فَإِذَا أَحْبَبْتُهُ كنتُ سَمْعَهُ الَّذِي يَسْمَعُ بِهِ وَبَصَرَهُ الَّذِي يُبْصِرُ بِهِ وَيَدَهُ الَّتِي يَبْطِشُ بِهَا وَرِجْلَهُ الَّتِي يَمْشِي بِهَا فَإِنْ سَأَلَنِي عَبْدِي أَعْطَيْتُهُ وَإِنِ اسْتَعَاذَنِي أَعَذْتُهُ وَمَا تَرَدَّدْتُ عَنْ شَيْءٍ أَنَا فَاعِلُهُ تردُّدي عَنْ نفس المؤمن يكره الموت وأكره مساءته.)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 348 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৪৮. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মহান আল্লাহ বলেছেন: “যে ব্যক্তি আমার বন্ধুর সাথে শত্রুতা করে, সে আমাকে কষ্ট দেয়। আমার বান্দা আমার সবচেয়ে নিকটবর্তী হয়, আমি যা ফরয করে দিয়েছি তার মাধ্যমে। নফলের মাধ্যমে সে আমার নিকটবর্তী হতেই থাকে এমনকি আমি তাকে ভালবাসি। যখন আমি তাকে ভালবাসি, তখন আমি তার কান হয়ে যাই, যে কান দিয়ে সে শ্রবণ করে, আমি তার চোখ হয়ে যাই, যা দিয়ে সে দেখে, আমি তার হাত হয়ে যাই, যা দিয়ে সে ধরে, আমি তার পা হয়ে যাই, যা দিয়ে সে হাঁটে। আমার বান্দা যদি আমার কাছে কিছু চায়, তবে আমি তাকে তা প্রদান

করি। যদি সে আমার কাছে কোন কিছু থেকে আশ্রয় চায়, তবে আমি তাকে তা থেকে আশ্রয় দেই। যে কাজ আমি করবো সেই কাজ করতে আমি ততটা দ্বিধান্বিত হই না, যতটা দ্বিধান্বিত হই মু'মিন ব্যক্তির জান কবজ করতে। সে মৃত্যু অপছন্দ করে, আর তাঁকে কষ্ট দেওয়া আমি অপছন্দ করি।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: لَا يُعرف لِهَذَا الْحَدِيث إِلَّا طَرِيقَانِ اثْنَانِ: هِشَامٌ الْكِنَانِيُّ عَنْ أَنَسٍ وَعَبْدُ الْوَاحِدِ بْنُ مَيْمُونٍ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ وَكِلَا الطَّرِيقَيْنِ لَا يَصِحُّ وَإِنَّمَا الصَّحِيحُ مَا ذَكَرْنَاهُ.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “এই হাদীসটির দুটি সানাদ ব্যতিত আর কোন সানাদ জানা যায় না। একটি সানাদ যা হিশাস আল কিনানী আনাস থেকে বর্ণিত হয়েছে আরেকটি সানাদ আব্দুল ওয়াহিদ বিন মাইমূন উরওয়া থেকে তিনি ‘আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেছেন। সানাদ দুটির কোনটাই বিশুদ্ধ নয়। বিশুদ্ধ সেটাই যা আমরা উল্লেখ করেছি।”

## ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৩৯৮৯; আবু নু‘আইম, হিলইয়াতুল আওলিয়া: ১/৫; সহীহ আল বুখারী: ৬৫০২।

হাদীসটির সানাদের ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৬৪০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88647

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন